DEC. 05 2001

দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

## পরিবেশ পরিষদের সভা

# ঢা.বি ক্যাম্পাস সন্ত্রাস ও বহিরাগতমুক্ত করার অঙ্গীকার

**বিশ্ববিদ্যালয় সংবাদদাতা :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিবেশ পরিষদের সভায় সকল ক্রিয়াশীল ছাত্র সংগঠনের নেতা ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ঢাকা বিশ্ববিদ্যালয়কে সন্ত্রাস ও বহিরাগতমুক্ত করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার অঙ্গীকার ব্যক্ত করেছেন।

গতকাল মঙ্গলবার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট কক্ষে আয়োজিত সভায় নেতৃবৃন্দ এ অঙ্গীকার ব্যক্ত করেন। উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ্ চৌধুরীর সভাপতিত্বে সভায় ছাত্রলীগের মিহির কান্তি ঘোষাল, বেগ শাহীন জাহান, এ. কে. এম আজিম, ছাত্রদলের মনির হোসেন, আসাদুজ্জামান আসাদ, ছাত্র ইউনিয়নের হাসান তারিক চৌধুরী সোহেল, শরিফুজ্জামান শরিফ, ছাত্রফ্রন্টের নুরুল ইসলাম, খোকন দাস, মাহমুদুর রহমান মামুন, জাসদ ছাত্রলীগের করিম শিকদার, মির্জা আনোয়ারুল ইসলাম, ছাত্র ফেডারেশনের ফিরোজ আহমেদ, ছাত্রমৈত্রীর দীপঙ্কর সাহা দীপু, সাব্বাহ্ আলী খান কলিন্স উপস্থিত ছিলেন।

সভায় কর্তৃপক্ষের মধ্যে প্রো-ভিসি, জেড. এন তাহমিদা বেগম, কোষাধ্যক্ষ অধ্যাপক আবুল হাশেম, প্রক্টর ড. নজরুল ইসলামসহ বিভিন্ন হলের প্রভোস্ট উপস্থিত ছিলেন।

সভায় ক্যাম্পাসকে বহিরাগত ও সন্ত্রাসমুক্ত করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য উপাচার্য ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানালে নেতৃবৃন্দ উপাচার্যের কথায় হ্যাঁ বোধক উত্তর দেন এবং ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার অঙ্গীকার করেন। এ সময় ছাত্রলীগের নেতৃবৃন্দ হলগুলো থেকে ছাত্রদলের বহিরাগত ও সন্ত্রাসীদের বিতাড়ন করে সহাবস্থানের জন্য উপাচার্যকে বললে উপাচার্য এ ব্যাপারে ব্যবস্থা নেয়া হচ্ছে বলে জানান। সভা সূত্রে জানা গেছে, অচিরেই ছাত্রলীগসহ সকল বৈধ ছাত্রদের হলে ওঠানোর ব্যবস্থা করা হবে।

সরকারিদলের ছাত্র সংগঠন ছাত্রদল ক্যাম্পাসে শান্তি বজায় রাখার জন্য সকল ব্যবস্থা নেবে বলে কর্তৃপক্ষকে আশ্বাস দেয়। সভাশেষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ইফতার পার্টির আয়োজন করেন।